

মন্ত্রিপরিষদ বিভাগের মে ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মে ২০১৬

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৪ জুন ২০১৬

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	২১২	৩৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯২৩	৩৪১
মোট	১,৫০৯	১,১৩৫	৩৭৪

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৪	১২	১৩	০৪	৩৩
দুর্নীতি দমন কমিশন	-	-	৪২	৩০	১৩৪	০৩	২০৯*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	০৪	০৪	কম্পিউটার অপারেটর-০১ জন এবং অফিস সহায়ক-০৩ জন
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১২-১৪ মে ২০১৬ তারিখ সরকারি সফরে ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা পরিদর্শন।		-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ ব্যয়/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৮.৪৭	৪.১০ (৪৮%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১ টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৪	-	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	০১
দুর্নীতি দমন কমিশন-১৬	-	-	-	-	১৬	১১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Training of Technology Transfer and Technology Know-how স্থান: চীন	০৭-১৪ মে ২০১৬	বিদ্যুৎ বিভাগ	একজন উপসচিব
দুর্নীতি দমন কমিশন	১।	Investigation and Prosecuting Financial Crime	০২ মে ২০১৬	বাংলাদেশ পুলিশ	আট জন
	২।	রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স, ২০১৬	১৫-১৯ মে ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	৩।	পিপিআর বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২৬ মে ২০১৬	পরিকল্পনা মন্ত্রণালয়	২৬ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নবম হতে তদুর্ধ্ব গ্রেডভুক্ত ৫৭ জন কর্মচারীকে ‘Training Course on Public Financial Management’ শীর্ষক অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: এক জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার তিনটি, প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১২তম, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত সাতটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৩১টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে আটটি বাস্তবায়িত হয় এবং ২৩টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) The President's (Remuneration and Privileges) (Amendment) Act, 2016; The Prime Minister's (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 এবং The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 বাংলাদেশ জাতীয় সংসদে পাস হওয়ার পর ১২ মে ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত এপ্রিল দ্বিতীয় ও মে প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। সারসংক্ষেপে অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ১২টি পত্র জারি করা হয়।

(৭) দশম জাতীয় সংসদের অধিবেশন চলাকালীন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পাদনের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হককে এবং তাঁর অনুপস্থিতিতে বিকল্প হিসাবে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদেরকে দায়িত্ব প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

(৮) সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী, দশম জাতীয় সংসদের সদস্য, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকির ০২ মে ২০১৬ তারিখ সকালে ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহে ... রাজিউন)। ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকিরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০২ মে ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বুলগেরিয়ার সোফিয়ায় অনুষ্ঠিত 'Global Women Leaders' Forum'-এ যোগদানের লক্ষ্যে ১৫ মে ২০১৬ তারিখ রবিবার ১০.৩০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০০৫ ভিভিআইপি ফ্লাইট যোগে যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'G-7 Summit Outreach Programme'-এ যোগদানের জন্য ২৬ মে ২০১৬ তারিখ বৃহস্পতিবার ১০.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০৭৮ ভিভিআইপি ফ্লাইট যোগে জাপানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১১) সমাজকল্যাণ প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী জনাব প্রমোদ মানকিন ১১ মে ২০১৬ তারিখে ভারতের মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। প্রমোদ মানকিনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ মে ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১২) উপমহাদেশের নারীদের প্রথম সাপ্তাহিক পত্রিকা 'বেগম'-এর সম্পাদক নূরজাহান বেগম ২৩ মে ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহে ... রাজিউন)। নূরজাহান বেগমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ মে ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

- (১৩) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২৪টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (১৪) মায়ানমারের বুসিধং জেল-হাজতে আটক বাংলাদেশি নাগরিকের উদ্ধারের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মান্যবর রাষ্ট্রদূত, ইয়াংগুন, মায়ানমার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৫) ফেনী জেলাধীন পরশুরাম উপজেলা নির্বাহী অফিসারকে লাঞ্চিত করায় উক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৬) নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার ভোলাব ইউনিয়ন পরিষদ নির্বাচনে গাড়ি-ভাঙ্গাচুর ও অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্ত গাড়ির ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৭) কক্সবাজার জেলার টেকনায় উপজেলাধীন নয়াপাড়া শালবন আনসার ক্যাম্পে অস্ত্র ও গোলাবারুদ লুট সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (১৮) বান্দরবান পার্বত্য জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার পূর্ব চাকপাড়া, রাইশারী কেন্দ্রীয় বৌদ্ধ বিহারের জনৈক মইং শৈ ইউ চাক নামক বৌদ্ধ ভিক্ষুকে গলা কেটে হত্যা সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (১৯) প্রাক্তন পুলিশ সুপার, লক্ষ্মীপুর-কে অবিলম্বে প্রত্যাহারক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয়-সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (২০) ‘পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০’-এর সুষ্ঠু বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২১) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৫ জন, নথিভুক্তির জন্য ২৯ জন, এফআরটি নয় জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় একজন সরকারি কর্মকর্তার বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।
- (২২) বিভিন্ন আইনে ৩৮ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।
- (২৩) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ এপ্রিল ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।
- (২৪) জাতীয় পর্যায়ে ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগ ব্যবস্থাপনার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক ‘দুর্যোগ ব্যবস্থাপনা ডাটাবেজ’ প্রস্তুত করার লক্ষ্যে যাচিত তথ্যসমূহ নির্ধারিত তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।
- (২৫) জেলা প্রশাসকগণ কর্তৃক পরিচালিত এল, আর ফান্ড পরিচালনার সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটিতে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও বরিশালকে মনোনয়ন প্রদান করা হয়।
- (২৬) জেলা প্রশাসকগণ কর্তৃক ব্যবহৃত গাড়ির পরিবর্তে স্বতন্ত্র রং ও মডেলের পাঁচ দরজাবিশিষ্ট নতুন জিপ গাড়ি বরাদ্দ প্রদান বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।
- (২৭) জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ৩১ মার্চ ২০১৬ তারিখে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।
- (২৮) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯-জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়েছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে দুইজন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং দুইজন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

- (২৯) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এলএ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য সাতটি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ১২টি পত্র প্রেরণ করা হয়।
- (৩০) বাংলাদেশ ও ভারতের সীমান্তবর্তী জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট পর্যায়ে যৌথ সীমান্ত সম্মেলন আয়োজন সংক্রান্ত গুচ্ছ সংশোধনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩১) মহামান্য রাষ্ট্রপতির চট্টগ্রাম সফর উপলক্ষে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩২) ‘ফলদ বৃক্ষ রোপণ পক্ষ, ২০১৬’ ও ‘জাতীয় ফল প্রদর্শনী, ২০১৬’ উদ্ব্যাপনের জন্য প্রস্তাবিত কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান করা হয়।
- (৩৩) ২০১৬-১৭ অর্থ-বছরে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে বিভাগীয় কমিশনার এবং বিভাগীয় কমিশনারের সঙ্গে জেলা প্রশাসকগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৪) রেকর্ড রুমে সংরক্ষিত গুরুত্বপূর্ণ নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ এবং আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৫) ০৫ মে ২০১৬ তারিখ সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি সংক্রান্ত ‘কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি’-এর দশম সভা অনুষ্ঠিত হয়।
- (৩৬) ২২ মে ২০১৬ তারিখ সিআরভিএস বাস্তবায়ন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়।
- (৩৭) ২৪ মে ২০১৬ তারিখ সামাজিক নিরাপত্তা কর্মসূচির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সভা অনুষ্ঠিত হয়।
- (৩৮) সিআরভিএস বাস্তবায়নে অফিস অব দি রেজিস্ট্রার জেনারেল স্থাপনের বিষয়ে ২৯ মে ২০১৬ তারিখে কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৩৯) সিআরভিএস বাস্তবায়নে বিবাহ, বিবাহ-বিচ্ছেদ এবং দত্তক সংক্রান্ত নিবন্ধন বিষয়ে ৩০ মে ২০১৬ তারিখে সভা অনুষ্ঠিত হয়।
- (৪০) ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের কর্তকর্তাদের অংশগ্রহণে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।
- (৪১) বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের জন্য বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।
- (৪২) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের অংশগ্রহণে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।
- (৪৩) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়।
- (৪৪) Improving Public Administration and Services Delivery through E-Solution- Improving GRS (Output-3) প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত হয়। সে মোতাবেক completion report বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।
- (৪৫) ‘Building Capacity for the use of Research Evidence (BCURE)’ শীর্ষক প্রকল্পের আওতায় দু’টি ব্যাচের EIPM বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়।
- (৪৬) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫’ সকল মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা/দপ্তর, মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ে বিতরণ করা হয়।
- (৪৭) ২০১৮ সালের মধ্যে প্রায় ১৯,০০০ সরকারি অফিসে নথি-পত্রাদির ইলেকট্রনিক ব্যবস্থাপনা চালু করার লক্ষ্যে ই-ফাইল সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়।
- (৪৮) মন্ত্রিপরিষদ বিভাগের বিভিন্ন শাখায় ইতোমধ্যে শুরু হওয়া উদ্ভাবনী ধারণা ও উত্তম চর্চাসমূহের বিবরণ সদাচার সংকলনে প্রকাশের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিটে প্রেরণ করা হয়।
- (৪৯) স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলী (২০১৬ পর্যন্ত সংশোধিত) মুদ্রণ করা হয়।

গ. আগামী দুই (জুন-জুলাই) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১০) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাঙ্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(মুহাম্মাদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd